

### **অতিরিক্ত সচিব/মহাপরিচালক-৩ :**

১. প্রধানমন্ত্রী ও মুখ্য সচিবকে তাঁদের দায়িত্ব পালনে সহায়তা প্রদান;
২. প্রধানমন্ত্রী ও মুখ্য সচিবকে নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও গুরুত্বপূর্ণ প্রশাসনিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদান :

  - পরাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, নির্বাচন কমিশন সচিবালয়, বাণিজ্য মন্ত্রণালয়, যুব ও ত্রীড়া মন্ত্রণালয় এবং বন্ত ও পাট মন্ত্রণালয়;

৩. ‘প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ’ মোতাবেক অর্পিত প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন;
৪. সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আইন, বিধি, আদেশ ও প্রশাসনিক নির্দেশ প্রণয়নে মুখ্য সচিবকে সহায়তা প্রদান;
৫. পরিচালকগণ কর্তৃক উপস্থাপিত নথি/সার-সংক্ষেপ আইন ও বিধির আলোকে পুনঃপরীক্ষা;
৬. সংশ্লিষ্ট অধিস্থন কর্মকর্তাদের কাজের তত্ত্বাবধান ও সমন্বয়;
৭. প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত ও নির্দেশাবলি বাস্তবায়ন ও মনিটর করার কাজে সংশ্লিষ্ট পরিচালক/কর্মকর্তার কাজের তদারকি এবং দায়িত্ব সম্পাদনে প্রয়োজনীয় নির্দেশ ও পরামর্শ প্রদান;
৮. ব্যক্তিগত কর্মচারীদের কাজের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;
৯. প্রয়োজনে পরিচালকগণের প্রতিকল্প সমন্বয়;
১০. প্রধানমন্ত্রীর বিদেশ সফর ও বিদেশী VVIP -গণের বাংলাদেশ সফরকালে গৃহীত সিদ্ধান্ত/সম্পাদিত চুক্তি/সমরোতা স্মারকের অনুবর্তন (Follow-up);
১১. অধিস্থন কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদনের (ACR) সূত্রপাত করা/প্রতিষ্ঠাক্ষর করা;
১২. অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বিধি মোতাবেক স্বীকৃত অধিকার ও কল্যাণ নিশ্চিতকরণ; এবং
১৩. প্রধানমন্ত্রী ও মুখ্য সচিব কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব।